দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 AUG 2015 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ২ ...

# ১২ বছর ভারতে পালিয়ে থেকেও সপদে বহাল মাদ্রাসা শিক্ষক

নিজস্ব সংবাদদাতা, কেশবপুর, যশোর, ২৪ আগস্ট ॥ কেশবপুর উপজেলার গড়ভাঙ্গা দাখিল মাদ্রাসার ক্রীড়া শিক্ষক আলতাফ হোসেন ১২ বছর পর ভারত থেকে ফিরে এসে আবারও স্বপদে চাকরি করছেন। মাদ্রাসার সুপার মাওলানা রেজাউল ইসলাম টাকার বিনিময়ে তাকে ওই চাকরিতে বহাল করেছেন বলে অভিযোগ উঠেছে। এ ঘটনায় এলাকায় তীব্র ক্ষোভ দেখা দিয়েছে।

নির্ভরযোগ্য সূত্র জানায়, আলতাফ হোসেন ১২ বছর আগে চলে যাওয়ার পর ওই পদে আব্দুল মালেক নামের এক ব্যক্তিকে নিয়োগ দেয়া হয়। আব্দুল মালেক গত ৭ বছর যাবত ওই পদে চাকরি করেন। আলতাফ হোসেন পুলিশের ভয়ে পালিয়ে ভারতে গিয়ে ১২ বছর বসবাস করে সম্প্রতি বাড়ি ফিরে আসেন। এসেই মাদ্রাসা সুপারের সঙ্গে গোপন আঁতাত করে মালেকের চাকরি সনদ জাল অভিযোগ এনে তাকে কৌশলে চাকরি থেকে সরিয়ে দেয়া হয়। ওই পদে পুনরায় আলতাফ হোসেনকে অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নিয়ে স্বপদে বহাল করানো হয়েছে। মাদ্রাসা সুপার রেজাউল ইসলাম জানান, পূর্বের কমিটির নিকট আলতাফ স্বপদে বহাল করতে একটা আবেদন করেন। কমিটি তাকে বহাল করে গেছে। আমি তার কাছ থেকে কোন টাকা-পয়সা নেইনি। মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি শফিকুল ইসলাম মুকুল বলেন, আমাকে না জানিয়ে সুপার ব্যক্তি উদ্যোগে আলতাফ হোসেনকে তার পূর্বের পদে কোনপ্রকার নিয়োগ বোর্ড না করেই বহাল করেছেন। অথচ তার পদ শূন্য করেই নিয়মতান্ত্রিকভাবে আব্দুল মালেককে তার পদে নিয়োগ দেয়া হয়েছিল। এ-ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিকাশ চন্দ্র সরকার জানান, ১২-১৩ বছর আগে যে প্রতিষ্ঠান ছেড়ে চলে যায় তাকে ওই পদে নেয়ার কোন সুযোগ নেই। আলতাফ হোসেনকে বহাল করার কাগজপত্রে স্বাক্ষর করানোর জন্য সুপার এনেছিলেন, আমি তাতে স্বাক্ষর করিনি।